



হাযরাত শেইখ মুহাম্মাদ মেহমেত আদিল আল-হাক্কানী এর সোহবাভ

সবকিছু ধৈর্যের সাথে

আস-সালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু।
আউযু বিল্লাহি মিন আশ-শাইতানির রাজিম। বিসমিল্লাহির রাহমানির রাহিম।
আস-সালাতু ওয়া আস-সালামু'আলা রাসুলিনা মুহাম্মাদিন সায়্যিদীল আউয়ালিনা ওয়াল আখিরীন।
মাদাদ ইয়া রাসুল আল্লাহু মাদাদ ইয়া সাদাতি আসহাবী রাসুল আল্লাহু মাদাদ ইয়া মাশাইখিনা,
শেইখ আব্দুল্লাহ দাগিস্তানী, শেইখ মুহাম্মাদ নাযিম আল-হাক্কানী, দাস্তুর।
তারিকাতুনা সোহবাহ, ওয়াল খাইরু ফি জামিয়াহ।

বিসমিল্লাহির রাহমানির রাহিম।

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا اصْبِرُوا وَصَابِرُوا وَرَابِطُوا وَاتَّقُوا اللَّهَ لَعَلَّكُمْ تُفْلِحُونَ

"ইয়া আইয়ুহাল্লাদিনা আমানুসবিরু ওয়া সাবিরু ওয়া রাবিতু ওয়াত্তাকুল্লাহা লা'আল্লাকুম তুফলিহুন।"
(আলি ইমরানঃ২০০) "হে বিশ্বাস স্থাপনকারীরা, অটল থাকো এবং সহ্য কর এবং স্থির হও এবং আল্লাহকে ভয় কর যেন তোমরা সফল হতে পারো।"

আল্লাহ্ আযযা ওয়া জাল্লা আমাদের অবিরত ধৈর্যের কথা স্মরণ করিয়ে দিচ্ছেন। ধৈর্য একজন মুমিন এবং একজন মুসলিমের সবচেয়ে বড় অস্ত্র। যারা নিজেদের নাফসকে নিয়ন্ত্রণ করে এবং ধৈর্য ধরে তারা শেষ পর্যন্ত নাজাতে পৌঁছায়। তখন তারা আনন্দিত এবং খুশী হয় এই ভেবে যে তারা অধৈর্য দেখিয়ে খারাপ কিছু করেনি, তারা কারও হৃদয় ভাঙেনি এবং তারা কারও ক্ষতি করেনি।

সবকিছুই ধৈর্যের সাথে আছে। যেহেতু আল্লাহ্ আমাদের জন্য ধৈর্যে ধারণের উপদেশ দিয়েছেন, সেহেতু ধৈর্য একটি অতি উত্তম জিনিস। অবশ্যই ধৈর্যের কথা বলা সহজ কিন্তু তা করা কঠিন। কিন্তু ধৈর্য ধারণ করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। ধৈর্য একজন মুমিনকে সুন্দরভাবে মানায়। কথায় বলে, "ধৈর্য নাজাতে নিয়ে যায়", এবং এই কথাটি নিশ্চিতভাবে সত্য।

ইনশাআল্লাহ্, আল্লাহ্ যেন আমাদেরকে এমন কোন বোঝা না দেন যা আমরা বহন করতে পারব না। আল্লাহ্ যেন, ইনশাআল্লাহ্, আমাদের সবাইকে শক্তি দান করেন যেন আমরা আমাদের নাফসকে ধরে রাখতে পারি। রাগের মূহুর্তে ধৈর্যশীল হওয়া খুবই উত্তম। যখন তুমি আরামে আছে তখন বলতে পারবে না, "আমি ধৈর্যশীল।" আল্লাহ্ আমাদের শক্তি দান করুন এবং নাজাত দান করুন ইনশাআল্লাহ্।

ওয়া মিনাল্লাহ আত-তাওফিক

আল-ফাতিহা।

www.hakkani.org / www.hakkaniyayinevi.com



হাযরাত শেইখ মুহাম্মাদ মেহমেত আদিল আল-হাক্কানী এর সোহবাত

হাযরাত শেইখ মুহাম্মাদ মেহমেত আদিল
৪ এপ্রিল ২০১৬/২৬ জুমাদ আল-আখির ১৪৩৭
ফাজর নামায, আকবাবা দারগাহ।